



ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

কানাইপুর, ফরিদপুর।
pbs.faridpur.gov.bd

“নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত নিম্নবর্ণিত অকেজো ও ব্যবহার অযোগ্য (হার্ডওয়্যার, মিটার ও লৌহ) জাতীয় মালামাল (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) “নিলামে বিক্রয়ের জন্য” নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে / সাদা কাগজে বিস্তারিত ঠিকানা সম্বলিত তথ্য ও স্বাক্ষরসহ প্রদান পূর্বক সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য অফেরৎযোগ্য (টাকা)	দরপত্র জামানত ফেরৎযোগ্য (টাকা)	দরপত্র দলিল বিক্রয় ও খোলার স্থান	দরপত্র বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী
পবিসের পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত অকেজো ও ব্যবহার অযোগ্য (হার্ডওয়্যার, মিটার ও লৌহ) জাতীয় মালামাল (০৪টি আইটেম)	১,০০০.০০	দাখিলকৃত মূল্যের ২৫%	ফরিদপুর পবিস, সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃঅঃ) পরিদপ্তর, বাগবিবোর্ড, ঢাকা।	২৫/০৪/২০২১ খ্রিঃ হতে ০৯/০৫/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	গ্রহণঃ- ১১/০৫/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত খোলাঃ ১১/০৫/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.৩০ টা

- শর্তাবলীঃ-
- আগ্রহী দরদাতাগণকে আগামী ১১/০৫/২০২১ খ্রিঃ তারিখে দুপুর ১২.০০ টার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (২) ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর এর সদর দপ্তরে রক্ষিত স্টোর বসে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর এবং ডাক/ কুরিয়ারযোগে প্রেরিত কোন দরপত্র গ্রহণ করা হবে না।
 - দরপত্র সমূহ ১১/০৫/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.৩০ মিনিটে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তরে ও ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে উপস্থিত নিলাম দরদাতা/ প্রতিিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
 - বর্ণিত নিলামে বিক্রয়যোগ্য মালামালের ক্ষেত্রে যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সকল মালামালের দর দাখিল করতে হবে। আংশিক মালামাল অর্থাৎ কোন আইটেম ব্যতিরেকে দরপত্র দাখিল করলে দরপত্র গ্রহণযোগ্য হবে না।
 - সর্বোচ্চ ও কৃতকার্য সফল দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হবে। তবে নিলাম বিজ্ঞপ্তির সকল মালামালের ক্ষেত্রে প্রাক্কলিত মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ বিবেচনা করা হবে না। সীল মোহরকৃত নিলাম দরপত্র খামের উপরে স্পষ্টাক্ষরে “নিলাম দরপত্র” স্পষ্ট করে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটাছেঁড়া / ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্বৃত্ত দর অংকে ও কথায় লিখতে হবে। মোট দরে ভুল হলে একক দরকে বিবেচনা করে কর্তৃপক্ষ মোট দর সংশোধন করে নিবেন। শর্ত বহির্ভূত কোন প্রকার সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
 - নিলাম দরপত্র দলিলে উল্লেখিত সর্বমোট মূল্যের ২৫% অর্থ নিরাপত্তা জামানত হিসেবে ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
 - কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/ কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ পে অর্ডার / ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে “পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে ব্যবহার অযোগ্য বর্ণিত মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য করা হবে।
 - কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্বৃত্ত দর/মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী উৎসকর এবং ভ্যাট আলাদাভাবে জমা প্রদান করতে হবে। অকৃতকার্য দরদাতাদের আর্নেস্টম্যানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।
 - নিলামকৃত মালামাল প্রতিদিন (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে পরিদর্শন করা যাবে এবং প্রয়োজনে এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
 - “পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে ব্যবহার অযোগ্য বর্ণিত মালামাল” সমূহ অপসারণের সময় সমিতির কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/ প্রতিস্থাপন করে দিতে হবে।
 - বিক্রয়াদেশ প্রদানের সময় মালামাল এর পরিমাণ কম/বেশী হতে পারে। কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে সিডিউলে বর্ণিত থাকবে।

(মোঃ আবুল হাসান)
জেনারেল ম্যানেজার
ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

২৪/০৪/২০২১
মোঃ আরিফুল্লাহ
এজিএম (প্রশাসন)
ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

২৪/৪/২০২১
মোঃ আবুল হাসান
জেনারেল ম্যানেজার
ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি